

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
(ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.modmr.gov.bd](http://www.modmr.gov.bd)

নং ৫১.০০.০০০০.৪২২.১৪.০১০.১৯.২০৫

তারিখ ০৫ বৈশাখ ১৪২৬ ব.  
১৮ এপ্রিল ২০১৯ খ্রি.

বিষয়: দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের টিআর ও কাবিটা কর্মসূচির আওতায় গৃহহীনদের জন্য দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণ কাজ বাস্তবায়নে সার্বিক তত্ত্বাবধানের জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০১৮-১৯ অর্থ বছরে কাবিটা ও টিআর কর্মসূচির বিশেষ খাতের অর্থ দ্বারা গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন ও দুর্যোগ ঝুঁকি হ্রাসকল্পে গৃহহীন পরিবারের জন্য টেকসই গৃহ নির্মাণ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতাধীন চলতি অর্থ বছরের টিআর/কাবিটা কর্মসূচীর বিশেষ খাত হতে এ বছর ৩০০ কোটি টাকা দ্বারা সারাদেশে প্রায় ১১৬০৪ টি গৃহ নির্মাণ করা হবে। মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদনক্রমে গৃহীত এ কর্মসূচি দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। দ্বিকক্ষ বিশিষ্ট ঘরের (২টি বেডরুম, ১টি কিচেন, ১ টি টয়লেট ও ১ টি সংযোগ বারান্দা) নকশা ও প্রাক্কলন প্রস্তুত এবং টিআর/কাবিটা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকায় এ ধরনের গৃহ নির্মাণের বিষয়টি অন্তর্ভুক্ত না থাকায় গৃহনির্মাণ কার্যক্রম বাস্তবায়নের জন্য পৃথক নির্দেশিকা প্রস্তুত করা হয়েছে (কপি সংযুক্ত)। জেলা প্রশাসকের নিবিড় তত্ত্বাবধানে উপজেলা কমিটির মাধ্যমে সরেজমিনে উপকারভোগী নিবার্চনপূর্বক এ কর্মসূচিটি বাস্তবায়িত হবে।

২। গৃহনির্মাণ কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা-২০১৯ এর আলোকে সারাদেশে যথাযথভাবে এ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের নিম্নোক্ত অতিরিক্ত সচিবগণকে নির্দেশক্রমে ৮(আট) টি বিভাগের দায়িত্ব প্রদান করা হলো।

ক্রম	নাম ও পদবি	দায়িত্বপ্রাপ্ত এলাকা
১।	জনাব মো: ফয়জুর রহমান, অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন)।	বরিশাল বিভাগ
২।	ড. মো: আতিকুর রহমান, অতিরিক্ত সচিব (সমন্বয় ও সংসদ)।	রংপুর বিভাগ
৩।	জনাব মো: আকরাম হোসেন, অতিরিক্ত সচিব (ত্রাণ)।	ময়মনসিংহ বিভাগ
৪।	জনাব রঞ্জিত কুমার সেন, এনডিসি, অতিরিক্ত সচিব (অডিট)।	রাজশাহী বিভাগ
৫।	জনাব শামীমা হক, অতিরিক্ত সচিব (প্রশিক্ষণ ও এপিএ)।	সিলেট বিভাগ
৬।	ড. মো: নজরুল আনোয়ার, অতিরিক্ত সচিব (ত্রাণ প্রশাসন ও আইন)।	চট্টগ্রাম বিভাগ
৭।	জনাব মো: মোহসীন, অতিরিক্ত সচিব (দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচী)।	ঢাকা বিভাগ
৮।	জনাব মোয়াজ্জেম হোসেন, অতিরিক্ত সচিব (দুব্যক-৩)।	খুলনা বিভাগ

উক্ত কর্মকর্তাগণ দরিদ্র পরিবারের জন্য উক্ত দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণ কার্যক্রম নির্ধারিত সময়ে ও যথাযথভাবে বাস্তবায়নে সার্বিক সমন্বয় ও তত্ত্বাবধান করবেন।

সংযুক্ত: বরাদ্দ পত্র, নির্দেশিকা, নকশা ও প্রাক্কলন।

স্বাক্ষরিত/-  
(এ কে এম টিপু সুলতান)  
যুগ্মসচিব (ত্রাক-২)  
ফোন নং-৯৫৪০১৪৩  
[jsrelief2@modmr.gov.bd](mailto:jsrelief2@modmr.gov.bd)


জনাব ..... অতিরিক্ত সচিব  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ৫১.০০.০০০০.৪২২.১৪.০১০.১৯.২০৫

তারিখ ০৫ বৈশাখ ১৪২৬ ব.  
১৮ এপ্রিল ২০১৯ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলো:-

- ১। বিভাগীয় কমিশনার ----- (সকল)।
- ২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক ----- (সকল)।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার ----- (সকল)।

  
(এ কে এম টিপু সুলতান)  
যুগ্মসচিব (ত্রাক-২)  
ফোন নং-৯৫৪০১৪৩।